



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
www.bteb.gov.bd
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.১৭.০০০০.৪০১.৩৪.০০১.২১.২১৯

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৯

০২ আগস্ট ২০২২

বিষয়: বেসরকারি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/এগ্রিকালচার/ফিসারিজ শিক্ষাক্রমে পাঠদান নবায়ন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন পরিচালিত বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/এগ্রিকালচার/ফিসারিজ শিক্ষাক্রমে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ছকে বর্ণিত প্রতিষ্ঠানে নিম্নবর্ণিত শর্তে ২০২০-২০২১, ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের জন্য পাঠদান নবায়ন করা হলো।

ক্র. নং	শিক্ষাক্রম	প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও কোড	শিক্ষাবর্ষ	টেকনোলজি	মন্তব্য
১.	১. ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং	গজারিয়া বেসরকারি ইনস্টিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজি (জিষ্ট) বালুয়াকান্দি, বিকে রায়পাড়া গজারিয়া, মুন্সিগঞ্জ। প্রতিষ্ঠান কোড: ৪৯০৩৫	২০২০-২০২১	১. ইলেকট্রিক্যাল ২. সিভিল ৩. কম্পিউটার	০১ জুলাই, ২০২০ হতে ৩০ জুন, ২০২১ পর্যন্ত
২.	১. ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার	চৌধুরী মাসুম কৃষি প্রযুক্তি ইনস্টিটিউট পাথরঘাটা, বরগুনা। প্রতিষ্ঠান কোড: ৩৮০৬৯	২০২২-২০২৩	১. এগ্রিকালচার	০১ জুলাই, ২০২২ হতে ৩০ জুন, ২০২৩ পর্যন্ত
৩.	১. ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার ২. ডিপ্লোমা-ইন-ফিসারিজ	এম. এস. জোহা কৃষি কলেজ আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা। প্রতিষ্ঠান কোড: ২৯০২৮	২০২১-২০২২ ও ২০২২-২০২৩	১. এগ্রিকালচার ২. ফিসারিজ	০১ জুলাই, ২০২১ হতে ৩০ জুন, ২০২৩ পর্যন্ত
৪.	১. ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার	ইছালী মডেল কলেজ হাশিমপুর, যশোর সদর, যশোর। প্রতিষ্ঠান কোড: ৩৩০৬২	২০২১-২০২২ ও ২০২২-২০২৩	১. এগ্রিকালচার	০১ জুলাই, ২০২১ হতে ৩০ জুন, ২০২৩ পর্যন্ত

শর্তসমূহ:

- বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও স্বীকৃতি প্রদান নীতিমালা, ২০২০ অনুযায়ী নির্ধারিত সময়ে নিজস্ব জমিতে উপযুক্ত ভৌত অবকাঠামো, স্থায়ী ও চলতি আমানতে নির্দিষ্ট পরিমাণ অর্থ জমা আছে নিশ্চিত করতে হবে।
- শিক্ষার্থীর সংখ্যা ও পরিচালিত শিক্ষাক্রমে টেকনোলজিভিত্তিক নির্দিষ্ট আকারের ও সংখ্যক শ্রেণী কক্ষ থাকতে হবে।
- পরিচালিত টেকনোলজির জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি সম্বলিত উপযুক্ত সংখ্যক ল্যাব/শপ নিশ্চিত করতে হবে।
- শিক্ষার্থীর সংখ্যা অনুসারে ক্লাশ পরিচালনার উপযোগী প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার ল্যাব এর ব্যবস্থা করতে হবে।

- ব্যবহারিক ক্লাস পরিচালনার জন্য প্রয়োজনীয় কাঁচামাল সরবরাহ নিশ্চিত করতে হবে।
- প্রবিধান মোতাবেক ক্লাস রুটিন নিশ্চিত করতে হবে।
- ক্লাস রুটিন অনুযায়ী তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাস নিশ্চিত করতে হবে।
- শিক্ষার্থীর সন্তোষজনক হাজিরা নিশ্চিত করতে হবে।
- শিক্ষার্থীর শিক্ষার মান উন্নয়ন এবং সন্তোষজনক ফলাফলের ব্যাপারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করতে হবে।
- লাইব্রেরীতে সংশ্লিষ্ট বিষয়ের পর্যাপ্ত সংখ্যক বই থাকতে হবে এবং লাইব্রেরী শিক্ষার্থীর ব্যবহারের জন্য খোলা রাখতে হবে।
- বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এমপিও নীতিমাল-২০১৮ অনুযায়ী অনুমোদিত পদ ও শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক কর্মচারী নিয়োগ নিশ্চিত করতে হবে।
- এস, আর, ও নং ২৬৭/আইন/২০০৯ অনুযায়ী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ব্যবস্থাপনা কমিটি থাকতে হবে।



২-৮-২০২২

মোঃ খালেদ হোসেন

পরিদর্শক

অধ্যক্ষ, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান।

স্মারক নম্বর: ৫৭.১৭.০০০০.৪০১.৩৪.০০১.২১.২১৯/১(৭)

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৯

০২ আগস্ট ২০২২

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), নীলক্ষেত, ঢাকা।
- ৩) সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪) পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫) সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬) চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য)।
- ৭) সংরক্ষণ, নথি।



২-৮-২০২২

মোঃ শাখাওয়াত হাসান

উপপরিদর্শক